শিক্ষাক্রম ২০২২

# ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা

বিষয় : হিন্দুধর্ম শিক্ষা | সপ্তম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

শিখনকালীন মূল্যায়ন

সহযোগিতামূলক

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# ৭ম শ্রেণির ষাণ্মাসিক মূল্যায়ন বিষয়ে শিক্ষকদের জন্য নির্দেশনা

## বিষয় : হিন্দুধর্ম শিক্ষা

## শিক্ষাবর্ষ : ২০২৩

**নির্ধারিত যোগ্যতা:**

৭.১-হিন্দুধর্মীয় উৎসসমূহ হতে ধর্মের মৌলিক জ্ঞান আহরণ করে ধর্মগ্রন্থের (বয়স উপযোগী) নির্দেশনা অনুসরণ করতে পারা

৭.২ (হিন্দুধর্মের মৌলিক উৎসসমূহ থেকে প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করে ধর্মীয় বিধিবিধান চর্চা করতে পারা।)

**বিষয়বস্তু:** ধর্মীয় পুস্তক, ঈশ্বরের নিরাকার ও সাকার রূপ, মন্ত্র-শ্লোক ও প্রার্থনামূলক কবিতা

**অভিজ্ঞতা:** লাইব্রেরিতে গিয়ে ধর্মীয় বই-পুস্তক পড়া, গান গাওয়া ও উপস্থাপন করা।

**মুল্যায়নের লক্ষ্য :** প্রথম ছয় মাসে, সপ্তম শ্রেণির হিন্দুধর্ম শিক্ষা বিষয়ের প্রত্যেক শিক্ষার্থী, নির্ধারিত একক যোগ্যতাগুলো অর্জনের ক্ষেত্রে পারদর্শিতার কোন স্তরে আছে, তা যাচাই করা।

**শিক্ষকের দায়িত্ব:**

- মূল্যায়নসংশ্লিষ্ট বিভিন্ন কাজ ও উপস্থাপনায় শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবার উপযুক্ত পরিবেশ তৈরি।
- শিক্ষার্থীদের বিভিন্ন কাজ ও উপস্থাপনা পর্যবেক্ষণ করে নির্ধারিত একক যোগ্যতাগুলো অর্জনের ক্ষেত্রে পারদর্শিতার কোন স্তরে আছে, তা যাচাই করে নির্ধারিত ফরমে রেকর্ড করা।

**পারদর্শিতা যাচাইয়ের জন্য নির্ধারিত কাজ:**

- মন্ত্র/ শ্লোক নির্বাচন করা
- একটি কল্যাণমূলক কাজ উপস্থাপন করা

**শিক্ষক নিচের নির্দেশনাগুলো শিক্ষার্থীকে বুঝিয়ে দেবেন। প্রত্যেক শিক্ষার্থী খাতায় লিখে নেবে।**

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের শিক্ষার্থী-নির্দেশনা:

মূল্যায়ন-প্রস্তুতি সেশনে যা করবে

- বই তৈরির জন্য প্রয়োজনীয় কাগজ, রং-পেন্সিল-কলম-কাঁচি-আঠা ইত্যাদি (যতটা সম্ভব) সংগ্রহ করে নিয়ে আসবে।
- হিন্দুধর্মীয় প্রধান গ্রন্থসমূহ পড়ে একটি কল্যাণমূলক মন্ত্র/ শ্লোক বাছাই করো।
- তোমার নিজের জীবনের এমন একটি কল্যাণমূলক কাজ নির্বাচন করো, যার সঙ্গে তোমার বাছাইকৃত মন্ত্র/ শ্লোকের মূলকথার সম্পর্ক আছে। (প্রয়োজনে অভিভাবক/ সহপাঠী/ ধর্মীয় গুরুদের সঙ্গেও আলোচনা করতে পারো।)
- সরলার্থসহ মন্ত্রটি এবং তোমার জীবনের কল্যাণমূলক কাজটি লিখে ২০০-৩০০ শব্দের একটি বই তৈরি করো। বইয়ের একটি সুন্দর নাম দেবে, প্রচ্ছদ (ওপরের ছবি) আঁকবে এবং যতটা সম্ভব সুন্দর করে অলঙ্করণ (ভেতরের ছবি) করবে।

মূল্যায়নের সময়ে যা করবে

- শিক্ষক এবং সহপাঠীদের সামনে বইটি উপস্থাপন করবে—মন্ত্রটি অর্থসহ পড়ে শোনাবে, বইয়ে লেখা গল্পটি সংক্ষেপে বলবে। এই উপস্থাপনার জন্য দুই-তিন মিনিট সময় পাবে।
- উপস্থাপন শেষে শিক্ষকের কাছে বইটি জমা দেবে।

**শিক্ষকের জন্য মূল্যায়ন নির্দেশিকা**

চূড়ান্ত মূল্যায়নের পূর্বে শিক্ষার্থীদেরকে প্রস্তুত করার জন্য শিক্ষক ক্লাস রুটিনে বর্ণিত তিনটি সেশন ব্যবহার করতে পারবেন। উক্ত তিন সেশনে শিক্ষক ধারাবহিকভাবে নিচের নির্দেশনার আলোকে চূড়ান্ত মূল্যায়নের জন্য শিক্ষার্থীদেরকে প্রস্তুত করবে। শিক্ষক চূড়ান্ত মূল্যায়নের জন্য পুরো একদিন সময় পাবেন।  চূড়ান্ত মূল্যায়নের দিন শিক্ষার্থীদের নিকট থেকে প্রাপ্ত বই এবং তাদের উপস্থাপনা দেখে পিআই ব্যবহার করে পারদর্শিতার স্তর নির্ধারণ করবেন।

**মূল্যায়ন প্রস্তুতির ধারাবাহিক নির্দেশনা নিম্নরূপ:**

**১ম সেশন-**

- প্রয়োজনীয় মন্ত্র/ শ্লোক খুঁজে বের করার জন্য প্রধান ধর্মীয় গ্রন্থসমূহ শিক্ষার্থীদের সরবরাহ করবেন। প্রয়োজনে ইন্টারনেটের সাহায্য নিতে পারেন। সম্ভব হলে শিক্ষার্থীরাও সংগ্রহ করতে পারে।
- শিক্ষার্থীদেরকে সংগৃহীত ধর্মীয় গ্রন্থ থেকে একটি মন্ত্র/শ্লোক/ প্রার্থনা সংগীত নির্বাচন করতে বলবেন।
- শিক্ষার্থীদের কল্যাণমূলক মন্ত্র/ শ্লোক এবং মন্ত্র/ শ্লোকের আলোকে নিজের জীবনে করা কল্যাণমূলক গল্প সম্বলিত বই তৈরির নির্দেশনা দেবেন। গল্পের সঙ্গে সঙ্গতিপূর্ণ প্রচ্ছদ এবং অলঙ্করণের বিষয়টি বুঝিয়ে বলবেন।
- উপকরণসমূহ বাড়ি থেকে সংগ্রহ করলেও বই তৈরির কাজটি শ্রেণিকক্ষে বসেই করতে হবে।

**২য় সেশন-**

- শিক্ষার্থীর তথ্য সংগ্রহ কার্যক্রম ফলোয়াপ করবেন এবং কোনো শিক্ষার্থী প্রয়োজনীয় সকল উপকরণ সংগ্রহ করতে না পারলে তাকে যতটা সম্ভব সাহায্য করবেন।

**৩য় সেশন-**

- শিক্ষার্থীরা শ্রেণিতে বই তৈরির কাজটি সম্পন্ন করবে।
- শিক্ষার্থীরা কাজটি গুছিয়ে করতে পারছে কিনা, প্রয়োজনীয় ছবি আঁকছে কিনা তা লক্ষ করবেন; প্রয়োজনে নির্দেশনা দেবেন। (শিক্ষার্থীকে তার লেখা মোট ২০০ থেকে ৩০০ শব্দে রাখতে বলবেন। বেশি তথ্য লেখা বা আঁকার চেয়ে যথাযথ শ্লোক নির্বাচন করা এবং তার সঙ্গে সম্পর্কযুক্ত কাহিনি লেখায় উৎসাহ দেবেন।)
- পরবর্তী চূড়ান্ত মূল্যায়নের দিনে বইটি সঙ্গে আনতে বলবেন।

**চূড়ান্ত মূল্যায়ন** (১ দিন)

- শিক্ষার্থীদের একে একে নিজের তৈরি করা বই উপস্থাপনের জন্য ডাকবেন, উপস্থাপন শেষে বইটি জমা নেবেন।
- শিক্ষার্থীর উপস্থাপন পর্যবেক্ষণ করবেন। মন্ত্র/ শ্লোকের মর্মার্থ উপলব্ধি করে তার সঙ্গে মিল রেখে গল্প বলতে পারছে কিনা লক্ষ করবেন।
- বইয়ের ক্ষেত্রে শিক্ষার্থীর লেখা ও আঁকা মন্ত্র/ শ্লোকের সঙ্গে কতটা সামঞ্জস্যপূর্ণ তা দেখবেন। এখানে শিক্ষার্থীর লেখা কাহিনি ও আঁকা কতটা নিখুঁত হলো তা বিবেচ্য নয়। শিক্ষার্থী নির্ধারিত যোগ্যতা ৭.১ ও ৭.২ কতটা অর্জন করতে পারল সেটাই লক্ষণীয়।
- শিক্ষার্থীর কাজ অনুসারে সংশ্লিষ্ট পিআই-এর (পরিশিষ্ট-১) অনুসারে শিক্ষার্থীর লেভেল সনাক্ত করে প্রদত্ত ফর্মে (পরিশিষ্ট-২) পূরণ করবেন। প্রতিটি শিক্ষার্থীর জন্য এই কাজটি করতে হবে।
- আচরণিক পারদর্শিতার (পরিশিষ্ট-৪) অনুসারে শিক্ষার্থীর লেভেল সনাক্ত করে প্রদত্ত ফর্মে (পরিশিষ্ট-৫) পূরণ করবেন। প্রতিটি শিক্ষার্থীর জন্য এই কাজটি করতে হবে।

## শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৩ এ ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ হিন্দুধর্ম শিক্ষা বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ (□ ○ △) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভুজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভুজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভুজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

# পরিশিষ্ট-১

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

| একক যোগ্যতা | পারদর্শিতা সূচক (PI) নং | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ■<br>প্রারম্ভিক | ○<br>বিকাশমান | △<br>অগ্রসর |
| ৭.১ ধর্মীয় উৎসসমূহ হতে হিন্দুধর্মের মৌলিক জ্ঞান আহরণ করে ধর্মগ্রন্থের (বয়স উপযোগী) নির্দেশনা অনুসরণ করতে পারা | ৭.১.১ | শিক্ষার্থী ধর্মীয় মৌলিক জ্ঞান আহরণ করে উপলব্ধি প্রকাশ করছে | জ্ঞান ও উপলব্ধি নিজ ভাষায় সাধারণভাবে লিখে, বলে বা অন্য কোন উপায়ে প্রকাশ করছে | জ্ঞান ও উপলব্ধি উদাহরণসহ নিজ ভাষায় ব্যাখ্যা করে প্রকাশ করছে | জ্ঞান ও উপলব্ধি বাস্তব জীবনের প্রতিফলনের মাধ্যমে বিশ্লেষণ করছে |
| ৭.২ হিন্দুধর্মের মৌলিক উৎস হতে প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করে ধর্মীয় বিধি-বিধান চর্চা করতে পারা | ৭.২.১ | শিক্ষার্থী বয়স উপযোগী ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো চর্চা করেছে। | বিধি-বিধানগুলো আংশিক অনুধাবন করে শিক্ষকের নির্দেশনা অনুযায়ী শিখন পরিবেশে অনুসরণ করছে। | বিধি-বিধানগুলোর তাৎপর্য অনুধাবন করে শিক্ষকের নির্দেশনা ছাড়া শিখন পরিবেশে অনুসরণ করছে। | বিধি-বিধানের শিক্ষা অনুধাবন করে সেই শিক্ষা স্বপ্রণোদিত হয়ে ব্যক্তি জীবনে (শিখন পরিবেশের বাইরেও) আচরণের মাধ্যমে প্রয়োগ করেছে। |

## পরিশিষ্ট -২

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

| | | | | | |
|---|---|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম : | | | | | তারিখ: |
| ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন<br>অভিজ্ঞতা নং : ১-৩ | শ্রেণি : | সপ্তম | বিষয় : | হিন্দুধর্ম শিক্ষা | শিক্ষকের নাম ও স্বাক্ষর : |
| শিখন অভিজ্ঞতার শিরোনাম : | লাইব্রেরিতে গিয়ে ধর্মীয় বই-পুস্তক পড়া, গান গাওয়া, উপস্থাপন করা | | | | |

| | | প্রযোজ্য PI নং | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | ৭.২.১ | ৭২.২ | | | | |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |

| | | প্রযোজ্য PI নং | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | ৭.২.১ | ৭২.২ | | | | |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |

## পরিশিষ্ট-৩

# অর্ধবার্ষিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট

| | | | | |
|---|---|---|---|---|
| **প্রতিষ্ঠানের নাম** | | | | |
| **শিক্ষার্থীর নাম** | | | | |
| **শিক্ষার্থীর আইডি:**<br>............................... | **শ্রেণি : সপ্তম** | **বিষয় : হিন্দুধর্ম শিক্ষা** | **শিক্ষকের নাম :** | |

| একক যোগ্যতা | পারদর্শিতা সূচক (PI) নং | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ■<br>প্রারম্ভিক | ○<br>বিকাশমান | △<br>অগ্রসর |
| ৭.১ ধর্মীয় উৎসসমূহ হতে হিন্দুধর্মের মৌলিক জ্ঞান আহরণ করে ধর্মগ্রন্থের (বয়স উপযোগী) নির্দেশনা অনুসরণ করতে পারা | ৭.১.১ | শিক্ষার্থী ধর্মীয় মৌলিক জ্ঞান আহরণ করে উপলব্ধি প্রকাশ করছে | জ্ঞান ও উপলব্ধি নিজ ভাষায় সাধারণভাবে লিখে, বলে বা অন্য কোন উপায়ে প্রকাশ করছে | জ্ঞান ও উপলব্ধি উদাহরণসহ নিজ ভাষায় ব্যাখ্যা করে প্রকাশ করছে | জ্ঞান ও উপলব্ধি বাস্তব জীবনের প্রতিফলনের মাধ্যমে বিশ্লেষণ করছে |
| | | | ■<br>প্রারম্ভিক | ○<br>বিকাশমান | △<br>অগ্রসর |
| ৭.২ হিন্দুধর্মের মৌলিক উৎস হতে প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করে ধর্মীয় বিধি-বিধান চর্চা করতে পারা | ৭.২.১ | শিক্ষার্থী বয়স উপযোগী ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো চর্চা করেছে। | বিধি-বিধানগুলো আংশিক অনুধাবন করে শিক্ষকের নির্দেশনা অনুযায়ী শিখন পরিবেশে অনুসরণ করছে। | বিধি-বিধানগুলোর তাৎপর্য অনুধাবন করে শিক্ষকের নির্দেশনা ছাড়া শিখন পরিবেশে অনুসরণ করছে। | বিধি-বিধানের শিক্ষা অনুধাবন করে সেই শিক্ষা স্বপ্রণোদিত হয়ে ব্যক্তি জীবনে (শিখন পরিবেশের বাইরেও) আচরণের মাধ্যমে প্রয়োগ করেছে। |

# পরিশিষ্ট ৪

## আচরণিক সূচক (Behavioural Indicator, BI)

এখানে আচরণিক সূচকের একটা তালিকা দেয়া হলো। বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই সূচকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করতে হবে। পারদর্শিতার সূচকের পাশাপাশি এই আচরণিক সূচকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ষাণ্মাসিক ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে, পরিশিষ্ট ৩ এর ছক ব্যবহার করে আচরণিক সূচকে মূল্যায়নের তথ্য সংগ্রহ করতে হবে।

| আচরণিক সূচক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | ■ | ○ | △ |
| ১. দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে | দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে |
| ২. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে | দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে | নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে | নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্টভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে |
| ৩. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে | নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না | পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না | নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে |
| ৪. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে |
| ৫. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে | সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে |
| ৬. দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে |
| ৭. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে | এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না | দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে | নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে |
| ৮. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে |
| ৯. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে | প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না | দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না | দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে |
| ১০. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও |

| | | | |
|---|---|---|---|
| উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে | নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে | নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না | ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে |

পরিশিষ্ট ৫

## আচরণিক সূচক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

| ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন | | |
|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম : | | তারিখ: |
| শ্রেণি : সপ্তম | বিষয় : হিন্দুধর্ম শিক্ষা | শিক্ষকের নাম ও স্বাক্ষর : |

| | | প্রযোজ্য BI নং | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | | | | | |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |

| | | প্রযোজ্য BI নং | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | | | | | |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ